গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
স্থানীয় সরকার শাখা
(www.pirojpur.gov.bd

স্মারক নম্বর-০৫.১০.৭৯০০.০০৯.১১.০০৪.২৩- ৫৫২

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা এর ০৬/১১/২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪. ০০১.১৭ (অংশ-৩)-৮৯৯ নং স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ অনুযায়ী পিরোজপুর জেলায় ইউনিয়ন পরিষদসমূহে "হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর" পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নরূপ শর্তে পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ৯,৩০০-২২,৪৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫) ও অন্যান্য ভাতাদি (মোট বেতনের ৭৫% সরকার ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়) | ১০টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ |

শর্তাবলী:

০১। প্রার্থীকে জন্মসূত্রে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্পষ্টাক্ষরে ও স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। আবেদন ফরমটি জেলা প্রশাসক, পিরোজপুর এর www.pirojpur.gov.bd ওয়েব সাইট এবং জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর এর স্থানীয় সরকার শাখা হতে সংগ্রহ করা যাবে।

০৩। আবেদনপত্র আগামী ১৭/১২/২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের (বিকাল ০৪:০০ ঘটিকার) মধ্যে জেলা প্রশাসক, পিরোজপুর বরাবর সরকারি ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি বা কুরিয়ারে আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৪। প্রার্থীর বয়স আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখে (১৭/১২/২০২৩) ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।

০৫। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপ পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পিরোজপুর এর তালিকাভুক্তির সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পোষ্যদের (সন্তান/নাতি/নাতনি) ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সনদপত্র (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত) এবং অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার এবং ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতীয় প্রার্থীদের জন্য কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারি সর্বশেষ বিধিবিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তাঁর কোটার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে; অন্যথায় তাঁকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

০৭। খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম ও কোটা (যদি থাকে) এবং বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা লিখতে হবে।

০৮। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তাঁর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিবাহিত মহিলাদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

১০। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে-

ক) মেয়র,পৌরসভা/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

গ) সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)। ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে।

ঘ) প্রার্থীকে দরখাস্তের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে জেলা প্রশাসক, পিরোজপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

ঙ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজ নাম ও পূর্ণ ঠিকানা সম্বলিত ১০.৫"×৪.৫" সাইজের ০১টি ফেরত খাম ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ প্রেরণ করতে হবে।

চ) কোটায় আবেদনের ক্ষেত্রে কোটা সংশ্লিষ্ট কাগজপত্র জমা দিতে হবে।

১১। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, কোটা সম্পর্কিত প্রমাণকসহ আবেদন ফরমে উল্লিখিত সকল প্রকার সনদের (কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রসহ) মূলকপি জেলা প্রশাসক, বরাবর প্রদর্শন করতে হবে।

১৩। জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ৩০/০৬/২০১৯ খি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৫২ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা মোতাবেক বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে কোন বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হলে সম্পূর্ণ পদসমূহ সাধারণ প্রার্থীদের মধ্য হতে মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে।

১৪। নিয়োগের ব্যাপারে কোন সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ/বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৫। প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। উক্ত পদের বেতনের ৭৫% সরকার কর্তৃক এবং অবশিষ্ট ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় হতে নির্বাহ করা হবে।

১৭। হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগপ্রাপ্তকে পিরোজপুর জেলার যে কোন ইউনিয়ন পরিষদে পদায়ন/বদলি করা যাবে।

১৮। পিরোজপুর জেলার ইউনিয়ন পরিষদসমূহে "হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর" পদের জন্য প্যানেলের মেয়াদ প্যানেল গঠনের তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত কার্যকর থাকবে।

১৯। কর্তৃপক্ষ সরকারি বিধিবিধান এর সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে যে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


মোহাম্মদ জাহেদুর রহমান
জেলা প্রশাসক
পিরোজপুর
ও
সভাপতি
ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ফোন- ০২৪৭৮৮৯০৪০০
e-mail:dcpirojpur@mopa.gov.bd

